# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৪ এপ্রিল, ২০০৮ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) গ্রুপ ক্যাপ্টেন শেখ আব্দুল হান্নান, এফএডব্লিউসি, পিএসসি, জিডি(পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(২) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৩) মেজর আবু নোমান মোঃ মোছলেহ উদ্দীন -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৪) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ১৩ মার্চ, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
গৃহীত সিদ্ধান্ত ঃ গত ১৩ মার্চ, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ ফেব্রুয়ারি এবং মার্চ, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ ফেব্রুয়ারি এবং মার্চ, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৩ ঃ মার্চ, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ মার্চ, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। এ প্রসংগে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১০/৩০ বছর মেয়াদী ৫৬৬ টি মেয়াদোত্তীর্ণ দোকানের ভাড়া দীর্ঘ দিন অদায় না করায় অসন্তোষ প্রকাশ করা হয়। আলোচনায় জানা যায় যে, উল্লেখিত দোকানসমূহ পরবর্তী মেয়াদে নবায়ন করার জন্য গত ২৬/৪/০৬, ৩০/৭/০৬ এবং ২৭/৯/০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু দীর্ঘ দিন অতিবাহিত হলেও এ ব্যাপারে কোন সিদ্ধান্ত না আসায় দোকান ভাড়া আদায় করা হচ্ছে না। সভায় বিস্তারিত পর্যালোচনান্তে উল্লেখিত দোকানসমূহ থেকে নিয়মিতভাবে মাসিক ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো এবং মেয়াদ নবায়নের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে তাগিদপত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ জানানো হলো।

চলমান পাতা-২

আলোচ্যসূচী-৪ ঃ মার্চ, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মার্চ, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের জন্য একটি ১৩০০ সিসি নতুন গাড়ী ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২৪ মার্চ, ২০০৮ তারিখে তিনটি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে নাভানা লিঃ কর্তৃক ১৭,৬৪,০০০/- (সতের লক্ষ চৌষট্টি হাজার) টাকার সর্বনিম্ন দরপত্র দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের জন্য একটি ১৩০০ সিসি নতুন গাড়ী সরবরাহের জন্য নাভানা লিঃ কর্তৃক দাখিলকৃত ১৭,৬৪,০০০/- (সতের লক্ষ চৌষট্টি হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৬ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় ডেভলোপার হিসেবে ১৯৬ নং প্লটে ভবন নির্মাণ কাজ সমাপনান্তে মেসার্স ফুজি কনস্ট্রাকশন কর্তৃক অত্র দপ্তরে জামানত হিসেবে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ফেরত প্রদানের নিমিত্তে গত ০৪ মার্চ, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এ প্রসংগে সংশ্লিষ্ট প্লটের মালিক ও ফ্ল্যাট ক্রেতাগণের অনাপত্তিপত্রসহ নথিটি আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থান করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে এতদ্ব্যাপারে বারিধারা ডিওএইচএস পরিষদ এর ছাড়পত্র এবং ফ্ল্যাট ক্রেতাগণের নামে ফ্ল্যাট রেজিস্ট্রেশন এর ব্যাপারে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট ডেভলোপারের জমাকৃত জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (১) | প্লট # ৯৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম কানিজ আয়েশা স্বামী- মরহুম এ এস মোশারাফুল হক তাং-২২/১১/২০০৭ | বেগম আয়েশা আক্তার (লিলি) স্বামী- হাজী মোঃ আব্দুল মতিন | ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র তাং- ২৩/৩/২০০৮ |
| (২) | প্লট # ৪২/এ ফ্ল্যাট # ১ (নীচতলা-উত্তর) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব তৈয়বুর রহমান ২১/১১/২০০৭ | মিসেস হুসনে আরা, স্বামী- লেঃ কমান্ডার (অবঃ) এম আমজাদ হোসেন | ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র তাং- ১৩/৩/২০০৮ |
| (৩) | প্লট # ৯ ফ্ল্যাট # এ-৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব জমশেদ চৌধুরীর নিযুক্তীয় আম-মোক্তার জনাব আবুল খায়ের মোঃ তারিকুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর, বেসিক প্রপার্টিজ লিঃ তাং- ১৯/১১/২০০৭ | (১) জনাব মোঃ আব্দুল বাসিত মাহতাব, পিতা- মরহুম মোঃ আব্দুল মান্নান এবং (২) মিসেস সৈয়দা রুশি মাহতাব, স্বামী- জনাব মোঃ আব্দুল বাসিত মাহতাব | ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র তাং ২৩/৩/২০০৮ |

চলমান পাতা-৩

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (৪) | প্লট # ২৬/এ ফ্ল্যাট # ২/সি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) খন্দকার আওলাদ হোসেন ও (২) খন্দকার এমদাদ হোসেন এর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মোঃ হাসিবুল বাসার, ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ তাং- ০৪/৯/২০০৬ | মিসেস জাহানারা জলি, স্বামী- মোঃ আবু তালেব লস্কর | ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র তাং- ০৬/৩/২০০৮ |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| (১) | প্লট # ৯৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম কানিজ আয়েশা স্বামী- মরহুম এ এস মোশারাফুল হক তাং-২২/১১/২০০৭ | বেগম আয়েশা আক্তার (লিলি) স্বামী- হাজী মোঃ আব্দুল মতিন | বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (২) | প্লট # ৪২/এ ফ্ল্যাট # ১ (নীচতলা-উত্তর) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব তৈয়বুর রহমান ২১/১১/২০০৭ | মিসেস হুসনে আরা, স্বামী- লেঃ কমান্ডার (অবঃ) এম আমজাদ হোসেন | অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (৩) | প্লট # ৯ ফ্ল্যাট # এ-৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব জমশেদ চৌধুরীর নিযুক্তীয় আম-মোক্তার জনাব আবুল খায়ের মোঃ তারিকুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর, বেসিক প্রপার্টিজ লিঃ তাং- ১৯/১১/২০০৭ | (১) জনাব মোঃ আব্দুল বাসিত মাহতাব, পিতা- মরহুম মোঃ আব্দুল মান্নান এবং (২) মিসেস সৈয়দা রুশি মাহতাব, স্বামী- জনাব মোঃ আব্দুল বাসিত মাহতাব | অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (৪) | প্লট # ২৬/এ ফ্ল্যাট # ২/সি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) খন্দকার আওলাদ হোসেন ও (২) খন্দকার এমদাদ হোসেন এর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মোঃ হাসিবুল বাসার, ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ তাং- ০৪/৯/২০০৬ | মিসেস জাহানারা জলি, স্বামী- মোঃ আবু তালেব লস্কর | অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যসূচী-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | প্লট #১৯/এ ফ্ল্যাট # ১/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম শাহরিয়া শারমিন, স্বামী- জনাব আরশাদ জামাল | ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্র তাং- ২৩/১০/২০০১ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/১৯/এ/ ফ্ল্যাট নং-১/বি/৬ তাং- ১৯/৬/২০০৪ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |
| (২) | প্লট #২৯ ফ্ল্যাট # বি/১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস লাভলী ইয়াসমিন, স্বামী- জনাব মোঃ ইকবাল | ১২০০/১২০/৫৭/৫ তাং- ২৩/১০/২০০৫ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/২৯/ফ্ল্যাট নং-বি/১/৬ তাং- ২৭/১১/২০০৫ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |

চলমান পাতা-৪

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| (১) | প্লট #১৯/এ<br>ফ্ল্যাট # ১/বি<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম শাহরিয়া শারমিন<br>স্বামী- জনাব আরশাদ জামাল | উল্লেখিত প্লটে নির্মিত বাড়ীর অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (২) | প্লট #২৯<br>ফ্ল্যাট # বি/১<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস লাভলী ইয়াসমিন<br>স্বামী- জনাব মোঃ ইকবাল | উল্লেখিত প্লটে নির্মিত বাড়ীর ০৬(ছয়) তলার উপর অননুমোদিত নির্মাণ অপসারণ সাপেক্ষে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যসূচী-৯ ঃ ঢাকা সেনানিবাস বেসামরিক আবাসিক এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে ট্রেড লাইসেন্স চেয়ে জনাব মোঃ জুলফিকার রহমান স্বপন, ম্যানেজিং ডাইরেক্টর, গ্লোবাল নেটওয়ার্ক আইএনসি, হাউজ#বি/১০৮, রোড#৮, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস অত্র দপ্তরে ০৫ অক্টোবর, ২০০৭ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র চাওয়া হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১০ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ১৯০০/৬০/ডিজিএফআই নং পত্রের মাধ্যমে ঢাকা সেনানিবাস বেসামরিক আবাসিক এলাকায় ইন্টারনেট সার্ভিসের ট্রেড লাইসেন্স প্রদানের নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাস বেসামরিক আবাসিক এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে গ্লোবাল নেটওয়ার্ক আইএনসি-কে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালা এবং নির্ধারিত শর্ত সাপেক্ষে ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১৩/৩, ১৩/৭ ও ১৩/১১ নং ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী ০৩ (তিন)টি দোকানের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৭ তারিখে উত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী ০১(এক) বছরের জন্য মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট দোকান বরাদ্দলাভকারীগণের আবেদনপত্র ও নথিসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী দোকান নং-১৩/৩, ১৩/৭ ও ১৩/১১ এর মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য মেয়াদ নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের নিমিত্তে মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৪ মার্চ, ২০০৮ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকায় কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের নিমিত্তে আপাতত: ০১(এক)টি ভ্যান গাড়ী ও মাস্টার রোলে ০২(দুই) জন ঝাড়ুদার নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-১২ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টার এর সংশ্লিষ্ট ঠিকাদার ০৩ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে এম এস রডসহ অন্যান্য নির্মাণ সামগ্রীর বাজার মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় দর বৃদ্ধির আবেদন করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নির্মাণ সামগ্রীর বাজার মূল্য বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে এ বিষয়ে স্থানীয় এমইএস এ অনুসৃত পদ্ধতিতে দর বৃদ্ধির প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট বোর্ডের অন্যান্য প্রকল্প – যেগুলোর দর ৩১ ডিসেম্বর, ২০০৭ তারিখের পূর্বে দাখিল করা হয়েছে এবং কার্যাদেশও ঐ তারিখের মধ্যে দেয়া হয়েছে সেগুলোর ক্ষেত্রেও অনুরূপ সিদ্ধান্ত কার্যকর হবে।

আলোচ্যসূচী-১৩ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১৬৯২ ব্রিগেঃ জেনাঃ কাজী আনোয়ার-উল-ইসলাম | ২৬১ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন (আভ্যন্তরীন কক্ষ বিন্যাস) |
| | বিএ-১৬৯৩ ব্রিগেঃ জেনাঃ হেলাল উদ্দীন আহমেদ | ২৬৩ | | |
| (২) | বিএ-১৮০১ মেজর জেনাঃ শেখ মনিরুল ইসলাম | ৩৩৫ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন (বেসমেন্ট ফ্লোর নির্মাণ) |
| | বিএ-১৮০০ কর্ণেল শামছুল হুদা মোঃ নবীব উল্লাহ | ৩৩৭ | | |
| (৩) | জনাব এস এম নেয়ামত উল্লাহ | ৪০২ | -ঐ- | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | জনাব এস সি এম রিষি | ৪০৪ | | |
| (৪) | বিডি নং-৬০৫৯ উইং কমান্ডার এম শাহাব উদ্দিন আহমেদ | ৩৯১ | -ঐ- | সংশোধিত ০৬(ছয়) তলা (নীচতলায় একটি ইউনিট বাসস্থান) |
| (৫) | বিডি-৫৪২৯ এয়ার কমডোর জিয়ারত আলী (অবঃ) | ৪৮৩/এ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৬) | মিসেস কামরুন্নেছা<br>স্বামী- লেঃ কর্ণেল মোঃ ফোরকান মিয়া | ৩৪১ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট কবরস্থানে মাটি ভরাট, ফুটপাত নির্মাণ এবং বিভিন্ন মেরামত ও রংকরণ কাজ। | ২১,৭৩,৩০৯/- টাকা | অনুদান |
| (২) | সেনানিবাস কবরস্থানের জন্য জিআই পোলসহ নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৭,৭৬,০৭০/- টাকা | অনুদান |
| (৩) | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপ-কেন্দ্রের ৫০০ কেভিএ ট্রান্সফরমার এর এইচটি লাইনের ১১ কেভি ড্রপ আউট ফিউজ এবং স্যুইচ গিয়ারের ১১ কেভি এইচআরসি পাওয়ার ফিউজ জ্বলে যাওয়ায় তাৎক্ষণিকভাবে পুনঃস্থাপন। | ৪০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৬,৬৫,০৪৬/- টাকা | অনুদান |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের নিকটবর্তী শহীদ বদিউজ্জামান সড়কের পার্শ্বে রিকশা পার্ক নির্মাণ কাজ। | ২,৩৪,৫২৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

চলমান পাতা-৬

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ৬) | শহীদ লেঃ বীর উত্তম আনোয়ার গার্লস কলেজ এর নিকটবর্তী শহীদ সরণি ও স্বাধীনতা সরণির সংযোগস্থলের দক্ষিণ-পূর্ব অংশ হতে ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ পর্যন্ত ফুটপাত ভেঙ্গে রাস্তা প্রশস্তকরণ ও ফুটপাত পুনঃ নির্মাণ কাজ। | ৩০,০০,১৪০/- টাকা | অনুদান |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১, ৩, ৭, ৮ ও ৯ নং রোডে লোহার গেইট অপসারণপূর্বক ইটের পাকা দেয়াল নির্মাণ কাজ। | ৯৭,২৫৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৮) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে পানির স্বল্পতা রোধকল্পে মেইন লাইন হতে ১ $\frac{1}{2}$" জিআই পাইপ দ্বারা নতুন পানির লাইন সরবরাহ ও স্থাপন কাজ। | ৪৫,৬৫৮/- টাকা | হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (৯) | আর্মি স্টেডিয়াম ঢাকা সেনানিবাসে এএসপিটিএস এ ডাস্টবিন নির্মাণ কাজ। | ৩৬,৩২৩/- টাকা | আর্মি কঞ্জারভেন্সী খাত। |
| (১০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭টি ফিডার রোডের বাড়ীসমূহে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ৬" মেইন লাইন হতে ৩" শাখা লাইন স্থাপন কাজ। | ১১,০৭,৬৪৫/- টাকা | পানি ও বিদ্যুতের রক্ষণাবেক্ষণ খাত |
| (১১) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৪/সি (দোতলা-পশ্চিম পার্শ্ব) নং বাসা মেরামত, সংস্কার ও রংকরণ কাজ। | ৯৩,৯৯২/- টাকা | ২০০৮-২০০৯ সালের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উপস্থাপিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ৩, ৫, ৭, ৮, ৯, ১০ ও ১১ এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৫ নং রোডের পশ্চিম পার্শ্বে ৩৭/এ নং প্লটের পিছনে তৃতীয় গভীর নলকূপ ও সাবমারসিবল পাম্প স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত কাজের জন্য বরাদ্দকৃত ৪৪,৩০,০০০/- টাকা, ৮ নং রোডের ২ নং পাম্পের জন্য বরাদ্দকৃত ৭,২০,০০০/- টাকা এবং রজনীগন্ধা সুপার মার্কেটের ৫০০ কেভিএ ট্রান্সফরমার এর আনুষঙ্গিক ফিটিংস ক্রয়ের জন্য বরাদ্দকৃত ১০,০০,০০০/- টাকাসহ মোট ৬১,৫০,০০০/- টাকা অব্যয়িত রয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের পানির সমস্যা নিরসনকল্পে জরুরী ভিত্তিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৫ নং রোডের পশ্চিম পার্শ্বে ৩৭/এ নং প্লটের পিছনে ১০০০ (এক হাজার) ফুট গভীরতায় তৃতীয় গভীর নলকূপ ও সাবমারসিবল পাম্প স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে মেসার্স ফলগু সন্ধানী লিমিটেড কর্তৃক প্রদত্ত ৩৬,৬৮,৮৯৩/- টাকার সর্বনিম্ন দর অনুমোদনসহ ৫৭,২২,৮৯৩/- টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উক্ত কাজের যাবতীয় ব্যয় তিন ধাপে বরাদ্দকৃত ৬১,৫০,০০০/- টাকার অনুদান হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১) | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত লেন নং- ২, ৯, ১০ ১১ ও ২০ মেরামত ও সীলকোটকরণ। | ৯৯,০০৮/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৯৭,৩০৯/৬২ টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ |
| ২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডে ১ নং পানির পাম্পের ওভারহেড লাইনের ৬" পানির লাইন মেরামত কাজ। | ৩২,১৪১/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৩২,১২১/৬৬ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং- ৪/এ, ৪/বি, ৪/সি, এবং ৪/ই বাসাসমূহের পানির লাইন মেরামতকরণ। | ৮৮,৮৩০/- টাকা | মেসার্স রক বিল্ডার্স | ৮৮,৮১৭/১৯ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | মুসলিম মডার্ণ একাডেমীর খণ্ডিত মাঠটিকে একীভূত করার জন্য মাঠের মধ্য দিয়ে বিদ্যমান রাস্তাটি ডাইভার্টকরণ কাজ। | ১১,৯১,৩৪৩/- টাকা | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ | ১২,৯৪,৬৮৬/৬৮ | অনুদান |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পশ্চিম পার্শ্বের সংযোগ সড়ক (প্লট নং-২৫ হতে প্লট নং- ৪৯/এ) পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ। | ১২,০৩,৩৯৭/- টাকা | মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন | ১২,৬৮,৭১০/৬০ টাকা | অনুদান |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের প্লট নং-২৭৯/২ থেকে ১ নং রোড পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ কাজ। | ২৪,৭৬,০৬৩/- টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ২৭,২৩,৩৬৮/৭৫ টাকা | অনুদান |
| (৭) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৫নং বিল্ডিং এর নীচতলা মেরামত, সংস্কার ও রংকরণ কাজ। | ৭২,৭৫৪/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৭২,৭০১/৯০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের দক্ষিণ প্রান্ত হতে প্লট নং- ২৭৯/২ পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণসহ এমইএস ইন্সপেকশন বাংলোর পশ্চিম পার্শ্বে সীমানা দেয়াল অপসারণ ও পুনঃনির্মাণ কাজ। | ২৩,৫৩,৫৮১/- টাকা | মেসার্স দি এসোসিয়েটস্ | ২৫,৮৭,১৭২/৯৫ টাকা | অনুদান |
| (৯) | গ্যারিসন ওভার ব্রীজ রংকরণ ও পোস্ট অফিস বাসস্ট্যান্ড (সাবেক বাতেন ফিলিং স্টেশন) পিসিসি ঢালাইকরণ। | ৩৯,২৩৫/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৩৮,৮১৬/৮৩ টাকা | মেরামত ও রক্ষণাক্ষেণ |
| (১০) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ২৫/ডি-৪, ২৫/ডি-৫, ২৬/ডি-১৫, ২৬/ডি-১৬ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৯০,৫৪৫/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৯০,১৭৬/৯৫ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১১) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৪/ডি (নীচতলা-পশ্চিমাংশ), ৬৪/আই, ৪৮/এ (২য় তলা-উত্তর পার্শ্ব) ও শহীদ রমিজ উদ্দিন স্কুল সংলগ্ন ৬০/৯ (নির্ধারিত ভাড়া) নং বাসা রংকরণ কাজ। | ৮২,৭৩৫/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ৮২,৫৯৫/৯৮ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১২) | ক্যান্টঃ হাউসের গার্ড রুম নির্মাণ ও ট্যাক্স সুপারিনটেনডেন্ট এর রুম সংস্কার ও মেরামত কাজ। | ৫১,৫০৪/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ৫৫,১৩২/০৩ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৩) | শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ এর পশ্চিম পার্শ্বে শহীদ সরণিতে অবস্থিত ওভার ব্রীজ রংকরণ কাজ। | ২২,০৪০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২১,৩৭৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড হতে ৫ নং রোড পর্যন্ত রাস্তা, ২ এবং ৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২২,৮২,৩০৪/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ২৫,০৫,৫৪৪/০৮ টাকা | অনুদান |
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোড হতে ১০ নং রোড পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ২৪,৯৯,৫০৯/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ২৭,১৫,৮৯০/১০ টাকা | অনুদান |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ নং প্লটে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসের জন্য পারিবারিক বাসস্থান নির্মাণ কাজের আর্কিটেকচারাল ও স্ট্রাকচারাল ড্রয়িং সরবরাহকরণ (সয়েল টেস্টসহ)। | ৫০,০০০/- টাকা | ইউনিক কনসাল্টিং সার্ভিসেস | ৫০,০০০/- টাকা | অনুদান |
| (১৭) | মহাখালী ডিওএইচএস এলাকার ২৯ নং রোড সংলগ্ন ত্রিকোণাকৃতি পার্কে বিউটি স্পট নির্মাণ কাজ। | ২,৭৭,২৮৯/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৩,১০,৯৭৭/৯৭ টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক ক্রমিক নং-১ হতে ১৭-এ উল্লেখিত প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো। ক্রমিক নং-২, ৩, ৭, ৯, ১০, ১১, ১২ ও ১৩-তে উল্লেখিত প্রকল্পসমূহের বিপরীতে কার্যাদেশ প্রদানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক এবং অবশিষ্ট প্রকল্পের দরসমূহ চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কাগজাদি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত লেন নং- ২, ৯, ১০ ১১ ও ২০ মেরামত ও সীলকোটকরণ। | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৯৭,৩০৯/৬২ টাকা |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডে ১ নং পানির পাম্পের ওভারহেড লাইনের ৬" পানির লাইন মেরামত কাজ। | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৩২,১২১/৬৬ টাকা |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং- ৪/এ, ৪/বি, ৪/সি, এবং ৪/ই বাসাসমূহের পানির লাইন মেরামতকরণ। | মেসার্স রক বিল্ডার্স | ৮৮,৮১৭/১৯ টাকা |
| (৪) | মুসলিম মডার্ণ একাডেমীর খণ্ডিত মাঠটিকে একীভূত করার জন্য মাঠের মধ্য দিয়ে বিদ্যমান রাস্তাটি ডাইভার্টকরণ কাজ। | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ | ১২,৯৪,৬৮৬/৬৮ |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পশ্চিম পার্শ্বের সংযোগ সড়ক (প্লট নং- ২৫ হতে প্লট নং- ৪৯/এ) পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ। | মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন | ১২,৬৮,৭১০/৬০ টাকা |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের প্লট নং- ২৭৯/২ থেকে ১ নং রোড পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ কাজ। | দি মুন এন্টারপ্রাইজ | ২৭,২৩,৩৬৮/৭৫ টাকা |
| (৭) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৫নং বিল্ডিং এর নীচতলা মেরামত, সংস্কার ও রংকরণ কাজ। | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৭২,৭০১/৯০ টাকা |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের দক্ষিণ প্রান্ত হতে প্লট নং- ২৭৯/২ পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণসহ এমইএস ইন্সপেকশন বাংলোর পশ্চিম পার্শ্বে সীমানা দেয়াল অপসারণ ও পুনঃনির্মাণ কাজ। | মেসার্স দি এসোসিয়েটস্ | ২৫,৮৭,১৭২/৯৫ টাকা |
| (৯) | গ্যারিসন ওভার ব্রীজ রংকরণ ও পোস্ট অফিস বাসস্ট্যান্ড (সাবেক বাতেন ফিলিং স্টেশন) পিসিসি ঢালাইকরণ। | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৩৮,৮১৬/৮৩ টাকা |
| (১০) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ২৫/ডি-৪, ২৫/ডি-৫, ২৬/ডি-১৫, ২৬/ডি-১৬ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৯০,১৭৬/৯৫ |
| (১১) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৪/ডি (নীচতলা-পশ্চিমাংশ), ৬৪/আই, ৪৮/এ (২য় তলা-উত্তর পার্শ্ব) ও শহীদ রমিজ উদ্দিন স্কুল সংলগ্ন ৬০/৯ (নির্ধারিত ভাড়া) নং বাসা রংকরণ কাজ। | মেসার্স জি এম ট্রেডার্স | ৮২,৫৯৫/৯৮ টাকা |
| (১২) | ক্যান্টঃ হাউসের গার্ড রুম নির্মাণ ও ট্যাক্স সুপারিনটেনডেন্ট এর রুম সংস্কার ও মেরামত কাজ। | মেসার্স জি এম ট্রেডার্স | ৫৫,১৩২/০৩ টাকা |
| (১৩) | শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ এর পশ্চিম পার্শ্বে শহীদ সরণিতে অবস্থিত ওভার ব্রীজ রংকরণ কাজ। | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২১,৩৭৫/- টাকা |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড হতে ৫ নং রোড পর্যন্ত রাস্তা, ২ এবং ৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ২৫,০৫,৫৪৪/০৮ টাকা |
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোড হতে ১০ নং রোড পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স সরদার ট্রেডার্স | ২৭,১৫,৮৯০/১০ টাকা |
| (১৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ নং প্লটে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসের জন্য পারিবারিক বাসস্থান নির্মাণ কাজের আর্কিটেকচারাল ও স্ট্রাকচারাল ড্রয়িং সরবরাহকরণ (সয়েল টেস্টসহ)। | ইউনিক কনসাল্টিং সার্ভিসেস | ৫০,০০০/- টাকা |
| (১৭) | মহাখালী ডিওএইচএস এলাকার ২৯ নং রোড সংলগ্ন ত্রিকোণাকৃতি পার্কে বিউটি স্পট নির্মাণ কাজ। | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৩,১০,৯৭৭/৯৭ টাকা |

আলোচ্যসূচী-১৭ঃ আর্মি কঞ্জারভেন্সী ট্রাক নং- ১১-০৩৫২ এর ৪ সেট টায়ার সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২০ মার্চ, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক প্রতি সেট বিড়লা টায়ার এর মূল্য বাবদ ১০,৮০০/- (দশ হাজার আটশত) টাকা হিসেবে ৪৩,২০০/- (তেতাল্লিশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দর প্রদান করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে আর্মি কঞ্জারভেন্সী ট্রাক নং- ১১-০৩৫২ এর ৪ সেট টায়ার সরবরাহের নিমিত্তে মেসার্স টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক ৪৩,২০০/- (তেতাল্লিশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ ঃ বনানী ডিওএইচএস এর ৬নং রোডের ৬/এ হতে ৬/সি পর্যন্ত এবং ৬/বি এর পশ্চিম পার্শ্বে উত্তর প্রান্ত পর্যন্ত ড্রেন নির্মাণ কাজের অনুমোদিত মূল্যানুমানে গানিতিক ভুল থাকায় ৫,৯৩,৭৩৭/-টাকার স্থলে সংশোধিত ৭,৩৬,৯৩৯.৮০ টাকার (উর্ধ্বহার সহ) মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের জন্য ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার অনুদান পাওয়া গেছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে উল্লেখিত কাজের অনুমোদিত মূল্যানুমানের গাণিতিক ভুল সংশোধনপূর্বক ৫,৯৩,৭৩৭/- টাকার স্থলে ৭,৩৬,৯৩৯/৮০ (উর্ধ্বহারসহ) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। অতিরিক্ত ১,৮৬,৯৩৯/- (এক লক্ষ ছয়াশি হাজার নয়শত) টাকার অনুদান বরাদ্দসহ সংশোধিক মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য ০৬(ছয়)টি সাউন্ড বক্স ও ৪০০ ওয়াটের এমপ্লিফায়ার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত সাউন্ড বক্স ও এমপ্লিফায়ার ক্রয়ের নিমিত্তে আনুমানিক ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয় হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য ০৬(ছয়)টি সাউন্ড বক্স ও ৪০০ ওয়াটের এমপ্লিফায়ার ক্রয়ের নিমিত্তে ৬০,০০০/- (ষাট হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এ প্রসংগে উল্লেখ্য যে, আজান এবং জুম্মার নামাজ ছাড়া পূর্বানুমতি ব্যতিরেকে ওভারহেড মাইক ব্যবহার না করার জন্য সংশ্লিষ্ট ইমামকে অবহিত করা হোক।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ/সব্জি বাজারের ম্যানহোলের ঢাকনার জন্য আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ২,৮৩৯/-টাকা | মেসার্স জি এন এন্টারপ্রাইহ |
| (২) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অভ্যন্তরে বাসস্থান সংস্কার ও মেরামত কাজ। | ৪,৫২৯/- টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স |
| (৩) | স্টাফ কোয়ার্টার নং-২৫/এ এর তৃতীয় তলার উত্তর-পূর্ব পার্শ্ব মেরামত ও রংকরণ কাজ। | ৩,৭৭৩/- টাকা | মেসার্স পিয়ার আহম্মেদ এন্ড ব্রাদার্স |
| (৪) | স্বাধীনতা সরণির চৌরাস্তা হতে নব-নির্মিত ডিজিএফআই অফিস পর্যন্ত রোড ডিভাইডার, আইল্যান্ড, ফুটপাত, জনতা ব্যাংক, বাউন্ডারী ওয়াল এবং জিয়া কলোনী এমপি চেক পোস্টের ব্যারিয়াল, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাউন্ডারী, স্পীড ব্রেকার ইত্যাদি রংকরণ। | ৩,৬১০/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ গাড়ী পার্কিংয়ের পশ্চিম পার্শ্বে সেনানিবাস প্রবেশ লেইনের রাস্তা ও ড্রেন মেরামতকরণ। | ৫,২৯১/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-৬৫/ডি এর পরিবর্তে প্লট নং-৬৪/এ এর পিছনে খালি জায়গায় ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৬ তলা ভিতের উপর নীচতলায় ৪টি বাসস্থান নির্মাণ কাজ। | ৫,৩৫,৯২৪/- টাকা | দি এসোসিয়েট্স |
| (৭) | স্টাফ কোয়ার্টার নং ৬৫/ডি এর পিছনে বাউন্ডারী ওয়াল মেরামতসহ অন্যান্য মেরামত কাজ। | ২,৬৫১/ টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ ঃ সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ এর ইমাম এর বাসস্থানের ভাড়া নির্ধারণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট মসজিদ এর পেশ ইমাম জনাব মোঃ নাজমুল হাসান এর ০১ এপ্রিল, ২০০৮ তারিখের আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন ইমাম এর বাসস্থানটি বোর্ডের ব্যয়ে নির্মিত নয় এবং পুরাতন ও জরাজীর্ণ বিধায় Low Cost বাসা হিসেবে এর ভাড়া নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

২২ বিবিধ (১) ঃ মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ৫২০ নং প্লটের বরাদ্দ গ্রহীতা বিএ-১৯৯৯ ব্রিগেডিয়ার জেনারেল এ এইচ এম মকবুল হোসেন, পিএসসি উক্ত প্লটে অনুমোদিত নকশার শর্ত মোতাবেক বাড়ী নির্মাণের সময়সীমা উত্তীর্ণ হয়ে যাওয়ার প্রেক্ষিতে আরো ০২(দুই) বছর সময় প্রদানের জন্য গত ২১ এপ্রিল, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ৫২০ নং প্লটে অনুমোদিত নকশার শর্ত মোতাবেক বাড়ী নির্মাণের সময়সীমা উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর সময় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো।

২ বিবিধ (২) ঃ সেনা পরিবার কল্যাণ সমিতির বরাবরে ইজারা প্রদত্ত সিএস দাগ নং- ৯২৩ (অংশ), ৯২৪ (অংশ), ৯২৫ মৌজা- কাফরুল এর ১.০৯৫ একর জমিতে ০৩(তিন)টি বেসমেন্ট (অংশ), ৯২৬ (অংশ) এবং ৯৫১ (অংশ), আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ফ্লোরসহ ১৪ (চৌদ্দ) তলা বাণিজ্যিক ভবনের নকশা অনুমোদনের বিষয়ে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ২২ এপ্রিল, ২০০৮ তারিখের এতদসংক্রান্ত ছাড়পত্রসহ নকশা উপস্থাপন করা হলো।

ীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ ও সংশোধিত ১৯৯৯ মোতাবেক বেসমেন্ট ফ্লোর এবং ০৬(ছয়) তলার উপর ইমারত নির্মাণের বিষয়ে কোন বিধি না থাকায় এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের পরামর্শ/নির্দেশনা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট কে অনুরোধ করা হলো।

বিবিধ (৩) ঃ সেনানিবাস বাজার এলাকায় নির্মাণাধীন বাড়ীর নির্মাণকালীন পানির বিলের রেইট পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে নির্মাণাধীন ভবনের জন্য নির্মাণকালীন পানির বিল ঢাকা ওয়াসার অনুরূপ হারে (বাণিজ্যিক) অর্থাৎ ৩/৪" ব্যাসের সংযোগের জন্য প্রতি মাসে ১,৯৯৭/- (এক হাজার নয়শত সাতানব্বই) টাকা এবং ১" ব্যাসের সংযোগের জন্য প্রতিমাসে ৩,৫৮৬/- (তিন হাজার পাঁচশত ছিয়াশি) টাকা আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ (৫) ঃ ঢাকা সেনানিবাসস্থ ১৮৬ নং বাংলোর (সিজিএস বাংলো) চাহিদা মোতাবেক ১২ (বার) ট্রাক ভিটি মাটি সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে গত ১৭ এপ্রিল, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়ায় যায়। তন্মধ্যে মেসার্স গাজী এন্ড ব্রাদার্স, ডিএমসি-১৮৬, ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক ভিটি মাটি ২,৪০০/- টাকা হিসেবে ২৮,৮০০/- (আটাশ হাজার আটশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ১২ (বার) ট্রাক ভিটি মাটি সরবরাহের নিমিত্তে মেসার্স গাজী এন্ড ব্রাদার্স, ডিএমসি-১৮৬, ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ২৮,৮০০/- (আটাশ হাজার আটশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কন্ট্রাকভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

বিবিধ (৬) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের নিরাপত্তা প্রহরীদের বেতন বাবদ দোকান মালিক/ব্যবসায়ীদের নিকট হতে বকেয়া মাসিক চাঁদা আদায়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

ত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় অনেক দোকান মালিক/ব্যবসায়ী দীর্ঘ দিন যাবৎ রজনীগন্ধা সুপার মার্কেটের সিকিউরিটি চাঁদা পরিশোধ না করায় নিরাপত্তা প্রহরীদের বেতন-ভাতা প্রদান করা সম্ভবপর হচ্ছে না। আগামী ০৪ মে, ২০০৮ তারিখের মধ্যে যে সকল দোকান মালিক/ব্যবসায়ী রজনীগন্ধা সুপার মার্কেটের সমুদয় সিকিউরিটি চাঁদা পরিশোধ করবেন না তাদের দোকান বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ হামিদুর রহমান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।